



একই স্মারক ও তারিখের প্রতিস্থাপন

“শিক্ষানিয়ে গড়ব দেশ
শেখহাসিনারবাংলাদেশ”

পরিচালক (ছাত্রকল্যাণ) এর দপ্তর
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭।

স্মারকনং-ঢাপ্রপ্রবি/পছাকদ/১৯

তারিখঃ ২৪/০৯/২০১৮ খ্রিঃ

প্রাপক

আব্দুল্লাহ আল নোমান
স্টুডেন্ট নং : ১৬২০২০০৫ পি
এম.এসসি ইঞ্জিনিয়ারিং ১ম সেমিস্টার
বিভাগঃ ত ও ই কৌশল বিভাগ

বিষয় : পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন এবং শৃঙ্খলা ভঙ্গের জন্য কারণ দর্শাও নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, আপনি গত ১৩/০৯/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত এম. এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ১ম সেমিস্টার পরীক্ষায় "Optoelectronic Devices" (কোর্স নংঃ EEE-6706) বিষয়ে পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন করিয়াছেন মর্মে হল পরিদর্শকগণের লিখিত অভিযোগ পাওয়া যায়। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি) এর এক সভা অদ্য ২৪/০৯/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র শৃঙ্খলা বিধি (Ordinance Relating to Discipline) এর ১৫(ii) ধারা অনুযায়ী আপনাকে দোষী সাব্যস্ত করা হয় এবং নিম্নরূপ শাস্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়-

- ১। চলতি শিক্ষাবর্ষের (২০১৬-২০১৭) ১ম সেমিস্টারের সকল পরীক্ষা বাতিল করার সিদ্ধান্ত হয়।
- ২। চলতি শিক্ষাবর্ষের (২০১৬-২০১৭) ১ম সেমিস্টার এবং ২য় সেমিস্টারের জন্য বহিষ্কার করার সিদ্ধান্ত হয়।
- ৩। বিশ্ববিদ্যালয়ের কোর্স সমাপ্তির পর ইস্যুকৃত চরিত্রগত সনদপত্রে এই শাস্তির বিষয় উল্লেখ থাকিবে।”

এই প্রেক্ষিতে বোর্ড অব ডিসিপ্লিন কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উপর্যুক্ত শাস্তি আপনার বিরুদ্ধে কেন আরোপ করা হইবে না, তাহার জবাব এই পত্র ইস্যুর ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হইল। আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাহাও লিখিত জবাবে উল্লেখ করিতে পারিবেন। আপনি বর্ণিত সময়ের মধ্যে জবাব দাখিলে ব্যর্থ হইলে আপনার বিরুদ্ধে বর্ণিত শাস্তি একতরফাভাবে কার্যকর করা হইবে। উল্লেখ্য আপনার উপর উপর্যুক্ত শাস্তি আরোপিত হইলে এবং আপনার কোন আপত্তি থাকিলে সেইক্ষেত্রে ছাত্র শৃঙ্খলা বিধি (Ordinance Relating to Discipline) এর ধারা ৬ মোতাবেক একাডেমিক কাউন্সিলের নিকট আপনার আপিলের সুযোগ থাকিবে এবং সেইক্ষেত্রে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি) এর সিদ্ধান্তক্রমে এই নোটিশ জারী করা হইল।

(অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম)

সদস্য-সচিব

বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি)

ও

পরিচালক (ছাত্রকল্যাণ)

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

তারিখঃ ২৪/০৯/২০১৮খ্রিঃ

স্মারকনং-ঢাপ্রপ্রবি/পছাকদ/

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ

(তালিকা জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

- ১। পিএসটিভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সকল ডিন/বিভাগীয় প্রধান/হল প্রভোস্ট;
- ৩। রেজিস্ট্রার।
- ৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধ সহকারে)।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক।
- ৬। সকল নোটিশ বোর্ড।
- ৭। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

(অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম)

সদস্য-সচিব

বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি)

ও

পরিচালক (ছাত্রকল্যাণ)

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর